**AKASHVANI(AIR)**

**RNU:KOLKATA**

**BengaliText Bulletin**

**Date 22-11-2025** **Time: 1.30 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে G-20 শিখর সম্মেলনে অংশ নিচ্ছেন। তিন দিনের এই সম্মেলন, আজ শুরু হচ্ছে।

২) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ভগবান শ্রী সত্য সাই বাবার শতবর্ষ উদযাপন উপলক্ষে এক অনুষ্ঠানে বলেছেন, সরকার নাগরিকদের জীবনযাত্রার মান উন্নত করার জন্য বেশ কয়েকটি পদক্ষেপ নিতে চলেছে।

৩) কেন্দ্রীয় মন্ত্রী জে পি নাড্ডা আজ নতুন দিল্লিতে, সর্দার বল্লভ ভাই প্যাটেলের সার্ধশত জন্মবার্ষিকী উপলক্ষ্যে, "সর্দার ১৫০ ইউনিটি মার্চে"র সূচনা করেছেন।

৪) চারটি নতুন শ্রম বিধি কার্যকর করার কেন্দ্রীয় সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন প্রধানমন্ত্রী মোদী ও স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সহ সমাজের বিভিন্ন মহল।

৫) এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে দুর্যোগ এবং জলবায়ু পরিবর্তন সংক্রান্ত ঝুঁকি হ্রাসে, APDIM এবং আঞ্চলিক অংশীদারদের সঙ্গে সমন্বিতভাবে কাজ করার ব্যাপারে ভারত পুনরায় প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে।

৬) গুয়াহাটিতে দ্বিতীয় ক্রিকেট টেস্টে দক্ষিণ আফ্রিকা টসে জিতে ভারতের বিরুদ্ধে প্রথমে ব্যাট করছে।

-----------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে G-20 শিখর সম্মেলনে অংশ নিচ্ছেন। তিন দিনের এই সম্মেলন, আজই শুরু হচ্ছে।

উল্লেখ্য, এবারের G-20 সম্মেলনে শ্রী মোদী, প্রতিটি অধিবেশনেই অংশ গ্রহণ করবেন।

এই সম্মেলনে দক্ষিণী বিশ্বের দেশগুলির বিভিন্ন সমস্যা ও প্রয়োজনীয়তা, সুস্থায়ী উন্নয়ন, জলবায়ু পরিকল্পনা, শক্তি ক্ষেত্রে রূপান্তর ও বিশ্ব প্রশাসনে বদলের ওপর বিশেষ গুরুত্ব দেবেন তিনি। ২০১৪-এ প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্বভার গ্রহণ করার পর এটি হবে নরেন্দ্র মোদীর দ্বাদশ G-20 শীর্ষ সম্মেলন। এই নিয়ে চতুর্থবার জি-টোয়েন্টি সম্মেলন দক্ষিণী বিশ্বের কোনো দেশে এবং প্রথমবার দক্ষিণ আফ্রিকায় হতে চলেছে। এই বছর সম্মেলনের মূল ভাবনা- 'সংহতি, সাম্য ও স্থিতিশীলতা'। দক্ষিণ আফ্রিকার সভাপতিত্বে সম্মেলনে, বিপর্যয় ব্যবস্থাপনা, নিম্ন আয়ের দেশগুলির ঋণ পরিচালন ব্যবস্থা এবং যথাযথ শক্তি, রূপান্তর ও সর্বাত্মক সুস্থায়ী উন্নয়নের ওপর অগ্রাধিকার দেওয়া হয়।

এই সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী গতকাল জোহানেসবার্গে পৌঁছলে স্যান্টটনসানে দক্ষিণ আফ্রিকায় বসবাসকারী ভারতীয়রা ঐতিহ্যবাহী নাচে গানে তাকে স্বাগত জানান। সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী জানিয়েছেন, গুরুত্বপূর্ণ বিভিন্ন আন্তর্জাতিক বিষয়ে বিশ্ব নেতৃবৃন্দের সঙ্গে ফলপ্রসূ আলোচনার জন্য তিনি অধীর আগ্রহে তাকিয়ে রয়েছেন। শিখর সম্মেলনে ভারত সহযোগিতা আরও জোরদার করা, উন্নয়নের অগ্রগতি এবং প্রত্যেকের জন্য আরও সুন্দর ভবিষ্যৎ সুনিশ্চিত করার বিষয়ে জোর দেবে বলে তিনি উল্লেখ করেন। শ্রী মোদী সেখানে উপস্থিত সকলের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন।

------------------

রাষ্ট্র সংঘের মহা সচিব আন্তনিও গুতেরেস , জি ২০ দেশগুলিকে ,আন্তর্জাতিক ক্ষেত্রে বিভিন্ন সংকট নিরসনে নিজেদের ক্ষমতা ব্যাবহার করার আর্জি জানিয়েছেন। জি ২০ সম্মেলনে যোগদানের জন্যে জহানেসবারগে পৌঁছে সাংবাদিকদের তিনি বলেন, এই গোষ্ঠীর দেশগুলির্, অন্যের কষ্ট লাঘব করে বিশ্বকে আরও শান্তিপূর্ণ করে তোলার মতো যথেষ্ট সুযোগ সম্ভাবনা রয়েছে। জি ২০ সম্মেলনে তিনি সদস্য দেশগুলিকে নিজেদের উদ্দেশ্য সাধনের জন্যে উপযুক্ত পদক্ষেপ গ্রহণের আহ্বান জানাবেন বলেও রাষ্ট্র সংঘের মহা সচিব জানান।

তিনি বলেন, সামরিক খাতে খরচ বৃদ্ধির ফলে উন্নয়নের জন্যে অর্থ বরাদ্দ কমে যাচ্ছে। ঋণের বোঝা কমাতে তিনি জি ২০ দেশগুলিকে ব্যাবস্থা গ্রহণের ও আর্জি জানান।

আফ্রিকার মতো দেশের প্রতিনিধিত্ব খুবই নগন্য বলে উল্লেখ করে আন্তনিও গুতেরেস বলেন, এই পরিস্থিতির অবিলম্বে পরিবর্তন হওয়া দরকার। অন্য বিকাশশীল দেশগুলির ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য।

বাইট

-------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু জানিয়েছেন সরকার নাগরিকদের জীবনযাত্রার মান উন্নত করার জন্য বেশ কয়েকটি পদক্ষেপ নিতে চলেছে। তিনি বলেছেন, জাতির উন্নয়নের জন্য মানুষের দক্ষতা এবং শক্তিকে কাজে লাগাতে হবে।

রাষ্ট্রপতি আজ পুট্টাপার্থীর প্রশান্তি নিলয়মে ভগবান শ্রী সত্য সাই বাবার শতবর্ষ উদযাপন উপলক্ষে এক বিশেষ অধিবেশনে ভাষণ দেন। তিনি সাই কুলবন্ত হলে শ্রী সত্য সাই বাবার প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

তিনি বলেন, সকলের সম্মিলিত প্রচেষ্টায় ২০৪৭ সালের মধ্যে ভারত একটি বিকশিত ভারত হয়ে উঠতে পারে।

বাইট

-------------------

কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি'র সর্ব ভারতীয় সভাপতি জে পি নাড্ডা আজ নতুন দিল্লিতে, সর্দার বল্লভ ভাই প্যাটেলের জন্ম ষার্ধ শতবর্ষ উপলক্ষ্যে,"সর্দার ১৫০ ইউনিটি মার্চে"র সূচনা করেছেন। অনুষ্ঠানের শুরুতে শ্রী নাড্ডা বলেন,সর্দার প্যাটেলের কার্যধারাকে সম্মান জানাতে দেশজুড়ে একাধিক কর্মসূচী গ্রহণ করা হয়েছে। দেশের পাঁচটি অঞ্চল থেকে শোভাযাত্রা বের হয়ে সর্দার প্যাটেলের জন্মস্থলে পৌঁছবে।সেখান থেকে ১০দিনের পদযাত্রা গুজরাটের কেভাডিয়ার উদ্দেশ্যে রওনা দেবে। "এক ভারত,শ্রেষ্ঠ ভারত",বিকশিত ভারত, আত্মনির্ভর ভারতের লক্ষ্যে দেশের যুব সমাজকে উদ্বুদ্ধ করার মাধ্যমেই সর্দার প্যাটেলকে সঠিক শ্রদ্ধাঞ্জলী নিবেদন করা হবে বলে শ্রী নাড্ডা জানান।

-------------------

পশ্চিমবঙ্গের রাজ্যপাল হিসাবে আগামীকাল-২৩ নভেম্বর তৃতীয় বছর পূর্ণ করছেন ডঃ সিভি আনন্দ বোস। তার আগে ব্যাক্তিগত জীবন থেকে প্রশাসনিক চ্যালেঞ্জ, রাজ্যের রাজনৈতিক ভবিষ্যত থেকে ভোট হিংসা... নানা বিষয়ে আকাশবাণীকে দেওয়া একান্ত স্বাক্ষাৎকারে অকপট রাজ্যপাল।

সাক্ষাৎকার নিয়েছেন সন্দীপন দাশগুপ্ত এবং অভিরূপ ভট্টাচার্য।

পূর্ণাঙ্গ সাক্ষাৎকারটি শুনুন আগামীকাল (রবিবার- 23.11.25) রাত ৮ টায় আকাশবাণী সঞ্চয়িতা এবং 100.1 এফ.এম গোল্ড প্রচার তরঙ্গে।

আকাশবাণী কলকাতার সোশ্যাল মিডিয়ার সবক’টি প্ল্যাটফর্মে শোনা যাবে এই অনুষ্ঠান।

-------------------

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, হুগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা। এ সংক্রান্ত যাবতীয় তথ্য www.newsonair.gov.in –এ পাওয়া যাবে।

আবেদন জানানোর শেষ তারিখ, ১৫’ই ডিসেম্বর।

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৩০ শে নভেম্বর (রবিবার) আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৮-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

-------------------

দেশে কার্যকর হওয়া চারটি নতুন শ্রম বিধিকে স্বাগত জানিয়েছে সমাজের বিভিন্ন মহল। সমাজ মাধ্যমে একটি বিবৃতিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, শ্রম আইনগুলি কার্যকর হওয়ায়, আন্তর্জাতিক সমাজ সুরক্ষা, নূন্যতম ও সময়মতন মজুরি প্রদান,

নিরাপদ কর্মক্ষেত্র, মহিলা ও যুবদের নির্দিষ্ট পারিশ্রমিকের সুযোগ সৃষ্টি হবে। এর দরুন শ্রমিকদের অধিকার নিশ্চিত হওয়ার পাশাপাশি দেশের অর্থনৈতিক উন্নয়ন সম্ভব হবে বলে প্রধানমন্ত্রী জানান। বিকশিত ভারতের লক্ষ্যে এই আইন কার্যকর হওয়ায়,কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, শ্রম আইনের ইতিহাসে এটি একটি বৃহৎ সংস্কার। এই আইনের ফলে শ্রমজীবীদের জীবনের মানোন্নয়োন সম্ভব হবে একইসঙ্গে বিশ্বের কাছে এই নতুন শ্রম আইন নজির হয়ে থাকবে বলে স্বরাষ্ট্রমন্ত্রী তাঁর বার্তায় উল্লেখ করেন।

বিভিন্ন শিল্প সংস্থাও নতুন চারটি শ্রম বিধিকে স্বাগত জানিয়েছে। সামাজিক সুরক্ষা বৃদ্ধির পাশাপাশি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে এই সিদ্ধান্ত এক মাইলফলক বলে উল্লেখ করা হয়েছে।

ভারতীয় মজদুর সঙ্ঘের জাতীয় সম্পাদক গিরিশ আর্য বলেছেন, শ্রমিকদের স্বার্থে স্বাধীনতার পর থেকে নেওয়া সর্ববৃহত সিদ্ধান্ত হলো নতুন শ্রম বিধি কার্যকর হওয়া। এর ফলে শ্রমিকদের ক্ষমতায়ন হবে বলে তিনি জানান।

(বাইট- গিরিশ আর্য)

ভারতীয় ট্রেড ইউনিয়নের জাতীয় ফ্রন্ট NFITUর সভাপতি ড. দীপক জয়সওয়াল বলেন, দেশে অসংগঠিত ক্ষেত্রে কমপক্ষে ৫০ কোটি মানুষ কাজ করছেন। নতুন শ্রম বিধির ফলে তাদের নূন্যতম মজুরি সুনিশ্চিত হবে। মহিলাদের জন্য সম কাজে সম বেতনের সংস্থান রয়েছে এই বিধিতে। ব্যক্তিগত স্বাস্থ্য সুরক্ষার ক্ষেত্রে পুরোনো আইন পালটে আধুনিক সংস্থান রাখা হয়েছে।

ভারতীয় প্রযুক্তি শিল্প সংস্থা ন্যাসকম জানিয়েছে, মজুরী, নিরাপত্তা এবং সামাজিক সুরক্ষা ক্ষেত্রে নেওয়া এই বৃহত্তর সংস্থানগুলি দেশে শক্তিশালী কর্মক্ষমতা গড়ে তুলবে।

আন্তর্জাতিক শ্রমিক সংগঠন আই এল ও-র মহানির্দেশক গিলবার্ট এস হোউংবো, ভারতে কার্যকর হওয়া নতুন শ্রম বিধিকে স্বাগত জানিয়েছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী হোউংবো জানান, সামাজিক সুরক্ষা এবং নূন্যতম মজুরি সুনিশ্চিত করতে চালু হওয়া ভারতের নতুন শ্রম বিধি তিনি পর্যালোচনা করেছেন। কর্মী ও ব্যবসায়িক ক্ষেত্রে ইতিবাচক অগ্রগতির জন্য সংস্কারের দিকটি অত্যন্ত জরুরী বলেও মত ব্যক্ত করেন তিনি।

উল্লেখ্য, কয়েকদশক প্রাচীন এই শ্রম কোডকে সরলীকরনের উদ্দেশ্যে চারটি নতুন শ্রম বিধি The Code on Wages, ২০১৯, the Industrial Relations Code, ২০২০, the Code on Social Security, ২০২০ এবং the Occupational Safety, Health and Working Conditions Code, ২০২০ গতকাল থেকেই কার্যকর হয়েছে।

------------------

এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে দুর্যোগ এবং জলবায়ু পরিবর্তন সংক্রান্ত ঝুঁকি হ্রাসে, ‘এশিয়ান ও প্যাসিফিক সেন্টার ফর ডেভেলপমেন্ট অফ ডিজাস্টার ইনফরমেশন ম্যানেজমেন্ট’-APDIM এবং আঞ্চলিক অংশীদারদের সঙ্গে সমন্বিতভাবে কাজ করার ব্যাপারে ভারত পুনরায় প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে। নতুন দিল্লিতে ইনক্লুসিভ ডিজাস্টার রিস্ক ডেটা গভর্ন্যান্স বিষয়ে APDIM-এর দশম অধিবেশন, স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই বলেন, ভারত প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা এবং সহযোগিতা বৃদ্ধির ব্যাপারে

নীতিগতভাবে অঙ্গীকারবদ্ধ। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সুযোগ্য নেতৃত্বে, প্রাকৃতিক দুর্যোগের পূর্বাভাস সময়মতো সতর্কবার্তার প্রচার এবং জলবায়ুর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ পরিকাঠামোর পরিকল্পনা ইত্যাদির ক্ষেত্রে ভারত একসময় শীর্ষস্থান দখল করবে বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন তিনি। আঞ্চলিক ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধি এবং এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে দুর্যোগের ঝুঁকি হ্রাসের উদ্ভাবনী কৌশল প্রয়োগের ব্যাপারে প্রতিশ্রুতি গ্রহণের মধ্যে দিয়ে অধিবেশন শেষ হয়।

-------------------

পাকিস্তানের ফয়জালাবাদের মালিকপুর অঞ্চলে একটি রাসায়নিক কারখানায় গ্যাস চেম্বার লিক করে গতকালের ভয়াবহ বিস্ফোরণের ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে ২০ হয়েছে।আহত আরো ৯ বলে উদ্ধারকারী দল জানিয়েছে। গতকাল সকালে সাহাব শহরের কবাডি স্টেডিয়ামের কাছে একটি আঠা তৈরীর কারখানায় বিস্ফোরণ হলে,তার তীব্রতা এতটাই ছিল যে গোটা শহর থেকে তা শোনা যায়। ফায়জালাবাদ কমিশনারের দপ্তর সূত্রে জানানো হয়েছে,এ পর্যন্ত ৩১ টি উদ্ধারকারী গাড়িকে কাজে লাগানো হয়েছে।

-------------------

পাকিস্তানে ২৭তম সংবিধান সংশোধন এবং পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ (পিটিআই) দলের প্রতিষ্ঠাতা ইমরান খানের বোনেদের হেনস্থা করার অভিযোগে রাওয়ালপিন্ডির আদিয়ালা কারাগারের বাইরে বেশ কয়েকটি জায়গায় বিক্ষোভ দেখানো হয়েছে।

পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ এবং তেহরিক তাহাফুজ আয়েন-ই-পাকিস্তান (টিটিএপি) খাইবার পাখতুনখোয়া, পাঞ্জাব এবং করাচিতে বিক্ষোভ করেছে।

করাচি পুলিশকে বিক্ষোভস্থলে পৌঁছাতে বাধা দেওয়ার জন্য বেশ কয়েকজনকে আটক করা হয়েছে বলে খবর।

-------------------

গুয়াহাটির বর্ষাপাড়া স্টেডিয়ামে দ্বিতীয় ক্রিকেট টেস্টে ভারতের বিরুদ্ধে দক্ষিণ আফ্রিকা টসে জিতে প্রথমে ব্যাট করছে। এখন মধ্যাহ্নভোজের বিরতি চলছে।

শেষ খবর পাওয়া পর্যন্ত তারা ২ উইকেটে ১৫৬ রান করেছে।

------------------- -------------------